# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১২৬৫ [আন্তর্জাতিক নাম্বারঃ ১২৬৬]

পর্ব-১৩: সাহূ (ভুল) (كِتَاب السَّهْوِ)

পরিচ্ছেদঃ ৩১: (সালাতে) কনুইদ্বয় রাখার স্থান

## موضع المرفقين

---

আরবী

أَخْبَرَنَا إِسْمَاعِيلُ بْنُ مَسْعُودٍ، قَالَ: أَنْبَأَنَا بِشْرُ بْنُ الْمُفَضَّلِ، قَالَ: حَدَّثَنَا عَاصِمُ بْنُ كُلَيْبٍ، عَنْ أَبِيهِ، عَنْ وَائِلِ بْنِ حُجْرٍ، قَالَ: قُلْتُ لأَنْظُرَنَّ إِلَى صَلاَةِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَيْفَ يُصَلِّي، فَقَامَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَاسْتَقْبَلَ الْقِبْلَةَ فَرَفَعَ يَدَيْهِ حَتَّى حَاذَتَا أُذُنَيْهِ، ثُمَّ أَخَذَ شِمَالَهُ بِيَمِينِهِ، فَلَمَّا أَرَادَ أَنْ يَرْكَعَ رَفَعَهُمَا مِثْلَ ذَلِكَ وَوَضَعَ يَدَيْهِ عَلَى رُكْبَتَيْهِ، فَلَمَّا رَفَعَ رَأْسَهُ مِنَ الرُّكُوعِ رَفَعَهُمَا مِثْلَ ذَلِكَ، فَلَمَّا سَجَدَ وَضَعَ رَأْسَهُ بِذَلِكَ الْمَنْزِلِ مِنْ يَدَيْهِ، ثُمَّ جَلَسَ فَافْتَرَشَ رِجْلَهُ الْيُسْرَى وَوَضَعَ يَدَهُ الْيُسْرَى عَلَى فَخِذِهِ الْيُسْرَى، وَحَدَّ مِرْفَقَهُ الأَيْمَنَ عَلَى فَخِذِهِ الْيُمْنَى وَقَبَضَ ثِنْتَيْنِ وَحَلَّقَ وَرَأَيْتُهُ يَقُولُ: هَكَذَا، وَأَشَارَ بِشْرٌ بِالسَّبَّابَةِ مِنَ الْيُمْنَى وَحَلَّقَ الإِبْهَامَ وَالْوُسْطَى .

تخريج دارالدعوه: انظر حديث رقم: ٨٩٠ (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1266 - صحيح

বাংলা

১২৬৫. ইসমা’ঈল ইবনু মাস্’উদ (রহ.) ..... ওয়ায়িল ইবনু হুজর (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি (মনে মনে) বললাম, আমি রাসূলুল্লাহ (সা.) -এর সালাতের প্রতি লক্ষ্য রাখব যে, তিনি কিভাবে সালাত আদায় করেন। (একদিন) রাসূলুল্লাহ (সা.) সালাতে দাঁড়ালেন এবং কিবলার দিকে মুখ করে তার দু হাত উঠালেন এমনিভাবে যে, তা তাঁর কর্ণদ্বয়ের বরাবর পৌছে গেল। অতঃপর তিনি তাঁর ডান হাত দ্বারা বাম হাত ধরলেন। যখন তিনি রুকূ করার ইচ্ছা করলেন তখন দু’ হাত আগের ন্যায় উঠালেন এবং দু হাত তার হাঁটুর উপর রাখলেন। যখন তিনি তাঁর মাথা রুকূ’ হতে উঠালেন দু হাতকে আগের ন্যায় উঠালেন। অতঃপর যখন তিনি সিজদা করলেন, তাঁর মাথা

হস্তদ্বয়ের মাঝখানে রাখলেন। পরে বসে তার বাম পা বিছালেন ও বাম হাত বাম উরুর উপর রাখলেন। আর তাঁর ডান কনুই ডান উরুর উপর রাখলেন এবং দু’ আঙ্গুল দ্বারা গোলাকার বৃত্ত বানালেন। তাঁকে এমনই করতে দেখেছি। রাবী বিশর (রহ.) তর্জুনি অঙ্গুলি দ্বারা ইঙ্গিত করলেন এবং মধ্যমা ও বৃদ্ধাঙ্গুলি দ্বারা গোলাকার বৃত্ত বানালেন।

## English

31. Placement Of The Elbows

It was narrated that Wa'il bin Hujr said: I said: 'I am going to watch the Messenger of Allah (ﷺ) and see how he prays.' The Messenger of Allah (ﷺ) stood up and faced the Qiblah, then he raised his hands until they were in level with his ears, then he held his left hand with his right. When he wanted to bow, he raised them (his hands) likewise, then placed his hands on his knees. When he raised his head from bowing, he raised them (his hands) likewise. When he prostrated he put his hands in the same position in relation to his head, then he sat up and lay his left foot on the ground. He placed his left hand on his left thigh and his right elbow on his right thigh, and made a circle with two of his fingers. And I saw him doing like this - Bishr (one of the narrators) pointed with the forefinger of his right hand and made a circle with the thumb and middle finger.

### ফুটনোট

সহীহ: আবু দাউদ ৭২৬, ইবনু মাজাহ ৮৬৭, সহীহ আবু দাউদ ৭১৬।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ ওয়ায়িল ইবনু হুজর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=87659

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন